অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পৃথিবীর সবচেয়ে বড় UAS বিজনেস কম্পিটিশন GENIUS NY (জিনিয়াস এনওয়াই) এর গ্র্যান্ড প্রাইজ বিজেতার জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের পুরস্কার ঘোষণা করেন।

সেন্টিয়েন্ট ব্লু (Sentient Blue) GENIUS NY 1 মিলিয়ন মার্কিন ডলারের সেরা পুরস্কার জিতে; অন্যান্য চারজন ফাইনালিস্টকে সিরাকিউজে এখন থেকে ব্যবসা পরিচালনা করবে এমন উদ্ভাবনী কোম্পানিসমূহকে প্রদত্ত 3 মিলিয়ন মার্কিন ডলারের অংশ হিসেবে 500,000 মার্কিন ডলার বিনিয়োগ প্রদান করা হবে

প্রতিযোগিতার তিন রাউন্ডে 15 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে

GENIUS NY কর্মসূচি সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং (CNY Rising) এর অগ্রগতির উপর ভিত্তি করে তৈরি - সম্প্রদায়গুলোকে পুনরুজ্জীবিত এবং অর্থনীতিকে শক্তিশালী করতে অঞ্চলটির সমন্বিত কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে GENIUS NY এক্সেলারেটর তিন রাউন্ডে 1 মিলিয়ন মার্কিন ডলার পুরস্কার বিজেতা সেন্টিয়েন্ট ব্লু, ইতালির একটি দল। GENIUS NY কর্মসূচি হলো পৃথিবীর সবচেয়ে বড় ব্যবসায়িক প্রতিযোগিতা যেখানে মনুষ্যবিহীন সিস্টেম, ক্রস-কানেক্টেড প্ল্যাটফর্ম ও অন্যান্য প্রযুক্তি ভিত্তিক বিভাগসমূহের উপর গুরুত্বারোপ করা হয়। বাফেলো এর ইগলহাক (EagleHawk), ব্রুকলিন এর ভার্মিয়ার (Vermeer), সেরাকুয়েজের রিজোলিয়ানস (Resilienx) এবং ইসরায়েলের সিভড্রোন (Civdrone), এদের প্রত্যেককে 500,000 মার্কিন বিনিয়োগ প্রদান করা হয়। রিজোলিয়ানসকে ইভেন্ট চলাকালীন গৃহীত সরাসরি ভোটে জনতার প্রিয় হিসেবেও নামভুক্ত করা হয়। নিউ ইয়র্ক স্টেট এখন GENIUS NY এর তিন রাউন্ডজুড়ে 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে।

"নতুন প্রজন্মের উদ্ভাবনী উদ্যোক্তাদেরকে আকর্ষণের মাধ্যমে GENIUS NY প্রতিযোগিতা সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনৈতিক ল্যান্ডস্কেপের পরিবর্তন সাধন করছে", **গভর্নর কুওমো বলেন।** "মনুষ্যবিহীন এরিয়াল সিস্টেম (unmanned aerial system, UAS) ব্যবসাসমূহে বিনিয়োগ করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যে নিউ ইয়র্ক এই উদীয়মান শিল্পে নিজেকে অব্যাহতভাবে নেতৃত্বের আসনে প্রতিষ্ঠা করতে থাকবে যা সেন্ট্রাল নিউইয়র্কে কর্মসংস্থান ও অর্থনৈতিক প্রবৃদ্ধি নিয়ে আসছে।"

"GENIUS NY এর মতো ব্যবসায়িক পরিকল্পনার প্রতিযোগিতাসমূহ উদ্ভাবনী নতুন স্টার্ট-আপ এবং ভালো বেতনের চাকরিসমূহের মাধ্যমে স্টেটব্যাপী সামগ্রিক অবস্থার পরিবর্তন সাধন করছে",

লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন। "সেন্ট্রাল নিউ ইয়র্ক বিশ্বব্যাপী মনুষ্যবিহীন এরিয়াল সিস্টেমে নেতা হিসেবে স্বীকৃত হচ্ছে যার কারণ হলো স্টেটের অবিসংবাদিত সহায়তা ও বিনিয়োগসমূহ। আমি এই বছরের প্রতিযোগিতায় বিজয়ী ও ফাইনালিস্টদেরকে স্বাগত জানাই এবং আরও বেশি যুগান্তকারী ধারণা দেখার জন্য উন্মুখ হয়ে আছি যেগুলো এই উন্নত প্রযুক্তির মাধ্যমে নিউ ইয়র্ক সিটিকে পুনর্জীবিত করবে এবং পরিবর্তন করবে।"

সেন্টিয়েন্ট ব্লু ফ্লাইটের সহনশীলতা বৃদ্ধির জন্য মনুষ্যবিহীন এরিয়াল যানবাহনে ব্যবহারের জন্য কার্যকর, অধিকতর পরিবেশ বান্ধব মাইক্রো গ্যাস টারবাইন ভিত্তিক পাওয়ার প্ল্যান্টের উন্নয়ন করবে।

এই বছর-ব্যাপী বিজনেস অ্যাক্সেলারেটর আজ রাতে এর ফাইনাল ইভেন্টে পাঁচটি ফাইনালিস্ট দলকে মোট 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে যার মধ্যে 1 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ও চারটি 500,000 মার্কিন ডলারের পুরস্কার। সিরাকিউজের টেক গার্ডেন (The TechGarden) এবং সেন্টারস্টেট CEO (CenterState CEO) কর্তৃক পরিচালিত এই কর্মসূচি ইনকিউবেটর স্পেস, কোম্পানির উপকরণ, কর্মসূচি পরিচালনা ও পর্যবেক্ষণের সুবিধা প্রদান করে। অংশগ্রহণকারীদেরকে কমপক্ষে এক বছর নিউ ইয়র্ক স্টেটে তাদের ব্যবসা পরিচালনা করতে হবে। GENIUS NY কর্মসূচির উন্নয়ন CNY রাইজিং এর অগ্রগতির উপর প্রতিষ্ঠিত যেটি কমিউনিটিসমূহের পুনঃশক্তিশালীকরণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে এই অঞ্চলের একটি পুরস্কার বিজয়ী কৌশলগত পরিকল্পনা।

ম্যারিয়ট সিরাকিউজ ডাউনটাউন (Marriott Syracuse Downtown) এ ইভেন্টটি চলাকালীন পাঁচটি দল বিচারকদের একটি প্যানেল ও সরাসরি দর্শকদের কাছে তাদের ব্যবসায়িক পরিকল্পনা উপস্থাপন করে। উপস্থাপনার পর পাঁচজন প্রতিযোগীকে পাঁচটি বিনিয়োগের একটি প্রদান করা হয়। সেইসাথে, দলসমূহ এই সকল বিনিয়োগকে তাদের প্রবৃদ্ধি গতিশীল করা অব্যাহত রাখতে এবং এই অঞ্চলে তাদের উপস্থিতি প্রসারিত করতে ব্যবহার করবে।

সেন্টিয়েন্ট ব্লু এর প্রধান নিবার্হী কর্মকর্তা এবং প্রধান প্রযুক্তি কর্মকর্তা সাইফ আকানি বলেন, "সেন্টিয়েন্ট ব্লু এ আমরা GENIUS NY 2019 এর বিজয়ী হিসেবে নির্বাচিত হতে পেরে গর্বিত। আমরা আমাদের হাইব্রিড প্রযুক্তির মাধ্যমে ড্রোন শিল্পে বিপ্লব সাধনের লক্ষ্যকে শেয়ার করার জন্য GENIUS NY এর সবাইকে ধন্যবাদ জানাতে চাই। আমরা GENIUS NY ইকোসিস্টেমের একটি অংশ হতে পেরে রোমাঞ্চিত। এই পুরস্কারটি সেন্টিয়েন্ট ব্লু এর জন্য সত্যিই একটি মাইলস্টোন, এটি আমাদেরকে সেন্ট্রাল নিউ ইয়র্কে কোম্পানি প্রতিষ্ঠা করতে এবং আমাদের প্রবৃদ্ধি ও উন্নয়নকে গতিশীল করতে সহায়তা করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "GENIUS NY এর বিজনেস অ্যাক্সেলারেটর প্রতিযোগিতা সেন্ট্রাল নিউ ইয়র্কে মনুষ্যবিহীন এরিয়াল সিস্টেমের উন্নয়ন করা অব্যাহত রাখবে, যা এই অঞ্চলে অনেক বেশি উদ্যোক্তা সম্পর্কিত আইডিয়া ও উদ্ভাবকদেরকে নিয়ে আসবে যেটি এই এলাকার অপ্রতিদ্বন্দ্বী UAS সম্পদ ও অবকাঠামো শনাক্ত করে।"

সেন্টারস্টেট CEO এর প্রেসিডেন্ট রব সিম্পসন বলেন, "The GENIUS NY কর্মসূচিটি এই সকল উচ্চ সম্ভাবনাময় UAS কোম্পানিসমূহে এই উল্লেখযোগ্য বিনিয়োগ করতে পেরে গর্বিত। আসন্ন মাসগুলোতে আরও বেশি সুনির্দিষ্ট ব্যবসায়িক উন্নয়ন সহায়তা এবং গতিশীলতা বিষয়ক কার্যক্রম পরিচালনা করা হবে যেন এই কোম্পানিগুলো এই সকল বিনিয়োগকে আরো বেশি গতিশীল করতে পারে এবং তাদের প্রযুক্তি ও প্ল্যাটফর্মসমূহের উন্নয়ন করতে পারে। এই সকল কোম্পানি উন্নয়ন ও অগ্রগতি অর্জন করার মাধ্যমে UAS শিল্পে বৈশ্বিক কেন্দ্র হিসেবে আমাদের অঞ্চলের অবস্থানেরও উন্নয়ন হবে।"

সেন্টারস্টেট CEO (CenterState CEO) এর উদ্ভাবন ও উদ্যোক্তা বিষয়ক ভাইস প্রেসিডেন্ট রিক ক্লোনান বলেন, "ফাইনালের রাত ও পাঁচটি দলকে পুরস্কার হিসেবে প্রদত্ত 3 মিলিয়ন মার্কিন ডলার GENIUS NY কর্মসূচির দ্বিতীয় ভাগের সূচনাকে চিহ্নিত করে। আগামীকাল আমাদের দলগুলো তাদের প্রবৃদ্ধিকে গতিশীল করতে ব্যবসায়িক পরিকল্পনাসমূহ পরিশোধন করার জন্য বিচারকগণের নিকট থেকে গৃহীত পরামর্শ ব্যবহারের মাধ্যমে কাজে ফিরবে। আমরা এই সকল দলকে সংযোগ স্থাপনের কাজে আরো কয়েক মাস সহযোগিতা করার জন্য উন্মুখ হয়ে আছি। আমরা কর্মসূচির প্রথম দুই পর্ব থেকে যা জেনেছি তা হলো আসন্ন মাসগুলো এইসকল দলের জন্য প্রশংসনীয়ভাবে উৎপাদনশীল হবে এবং আমরা তাদের অবিশ্বাস্য অগ্রগতি দেখার জন্য অধীর অপেক্ষায় আছি।"

GENIUS NY প্রতিযোগিতার পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল নিউ ইয়র্কে মনুষ্যবিহীন এয়ারক্র্যাফট সিস্টেম শিল্পে বড় ধরনের বিনিয়োগ করার দিকে মনোনিবেশ করছে। 2016 সালে এম্পায়ার স্টেট CNY রাইজিং আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Upstate Revitalization Initiative, URI) অনুদান হিসেবে সিরাকিউজ এবং রোমের মধ্যে একটি 50 মাইলের ড্রোন পরীক্ষার করিডোর বানানোর জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছিল। এই বছরের শেষে পৃথিবীর প্রথম 50 মাইলের মনুষ্যবিহীন ট্রাফিক ব্যবস্থাপনা করিডোর নির্মাণ সম্পন্ন হবে এবং NUSTAR আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হবে যা সমগ্র জাতির মধ্যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশি UAS পরীক্ষার সুযোগ সৃষ্টি করবে।

GENIUS NY দলসমূহের ব্যবসায়িক পরিকল্পনা ও ক্ষেত্রসমূহ NUAIR জোট এর পরিচালনা সংক্রান্ত ভাইস প্রেসিডেন্ট কর্নেল অ্যান্থনি বেসিল; আর্মারি স্কয়ার ভেঞ্চারস (Armory Square Ventures) এর ব্যবস্থাপনা অংশীদার সোমাক চট্টোপাধ্যায়; এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন এর আঞ্চলিক পরিচালক জিম ফেইল; SRC এর কৌশল ও কর্পোরেট উন্নয়ন বিষয়ক ভাইস প্রেসিডেন্ট ক্রেইগ মার্চিনকোস্কি; নিউ ইয়র্কের আপস্টেট ক্যাপিটাল অ্যাসোসিয়েশন (Upstate Capital Association of NY) এর নির্বাহী পরিচালক নোয়া সিমন্স; কৌশলগত উপদেষ্টা সমিতির প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা ডেভিডমন্টানারো এবং সাব (Saab) এর ট্রাফিক ম্যানেজমেন্ট ব্যবসার সাবেক প্রধান ও নেটিওপার্কের (Niteopark) প্রতিষ্ঠাতা মার্ক ভিজিয়ানো কর্তৃক যাচাই বাছাই করা হয়।

সেনেটর র‍্যাচেল মে বলেন, "আমি GENIUS NY এর সকল বিজয়ী এবং অংশগ্রহণকারীর প্রশংসা করছি এবং তারা আমাদের অঞ্চলে এবং কোম্পানিতে যে বিনিয়োগ করবে তা দেখার অপেক্ষায় আছি। সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি সমৃদ্ধশালী উদ্যোক্তা বিষয়ক অর্থনীতি গড়ে তোলা অব্যাহত

রাখতে তারা যে শক্তি ও নতুনত্ব উপস্থাপন করবে তা গুরুত্বপূর্ণ। আমাদের অঞ্চলে ব্যবসায়িক ইনকিউবেটর স্থাপন ও সেরা মেধা খাটিয়ে আমরা এমন একটি প্ল্যাটফর্ম নির্মাণ করছি যা থেকে আমাদের স্থানীয় অর্থনীতির উন্নতি হবে এবং আমরা আমাদের অঞ্চলকে শক্তিশালী করতে যে মেধা প্রয়োজন তা ধরে রাখতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন, "মনুষ্যবিহীন এরিয়াল সিস্টেল (UAS) এ নিউ ইয়র্কের অব্যাহত বিনিয়োগ নিশ্চিত করার ক্ষেত্রে GENIUS NY কর্মসূচি একটি কার্যকরী ও উদ্ভাবনী উদ্যোগ। UAS প্রযুক্তিসমূহের উন্নয়নে বিনিয়োগ করা এবং এইসকল অগ্রগামী কোম্পানি সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চল কর্তৃক মনুষ্যবিহীন এরিয়াল সিস্টেল ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠায় অব্যাহতভাবে প্রয়োজনীয় সংযোগসমূহ তৈরির ক্ষেত্রে একটি প্রেরণাদায়ী উদ্যোগ।"

ওনন্দাগা কাউন্টি এক্সিকিউটিভ রায়ান ম্যাকমাহন বলেছেন, "ঠিক এখানে এই ডাউনটাউন সিরাকিউজের উদীয়মান UAS শিল্পে উদ্ভাবনী কাজ বাস্তবায়িত হতে দেখা সত্যিই রোমাঞ্চকর। আমরা গর্বিত যে এইসকল কোম্পানি সেন্ট্রাল নিউ ইয়র্কে তাদের গোড়াপত্তন করবে কেননা তারা অব্যাহতভাবে আমাদের অঞ্চলে UAS শিল্পের উন্নয়নে এবং সার্বিক অর্থনৈতিক সাফল্যে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।"

সিটি অব সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "GENIUS NY কর্মসূচির এই রাউন্ডে অংশগ্রহণকারী পাঁচটি দল আমাদের মনুষ্যবিহীন সিস্টেম ইন্ডাস্ট্রির অব্যাহত অগ্রগতির একটি রোমাঞ্চকর সুযোগের প্রতিনিধিত্ব করে এবং আমরা তাদের সাথে উদযাপন করতে পেরে এবং তাদেরকে সহায়তা করতে পেরে গর্বিত। আজ রাতে তারা যে বিনিয়োগ করছে সেগুলো গুরুত্বপূর্ণ কেননা তারা তাদের প্রযুক্তিসমূহের উন্নয়ন করবে এবং আমাদের কমিউনিটিতে কর্মসংস্থান সৃষ্টি করবে। আমরা পরবর্তী বছর তাদের অগ্রগতি দেখার জন্য অপেক্ষায় আছি এবং তাদেরকে চলমান সমর্থন ও সংযোগ প্রদানের জন্য প্রতিজ্ঞাবদ্ধ।"

সেন্ট্রাল নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি র‍্যান্ডি ওলকেন, সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারার অ্যাসোসিয়েশন (Manufacturers Association of Central New York, MACNY) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ওসঅয়েগ এর নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির প্রেসিডেন্ট দেবোরা স্ট্যানলি বলেন, "UAS শিল্পের উন্নয়নে সহায়তা করা আঞ্চলিকভাবে প্রণীত CNY রাইজিং পরিকল্পনার কেন্দ্রীয় অংশ। GENIUS NY প্রতিযোগিতার প্রতি আমাদের অব্যাহত সমর্থনের মাধ্যমে আমরা নিশ্চিত করবো যে নিউ ইয়র্ক এই উদ্ভাবনী শিল্পের সম্মুখভাগে থাকবে এবং আসন্ন দশকগুলোতে এই অঞ্চলে অধিবাসীদের জন্য নতুন সুযোগ ও কর্মসংস্থান সৃষ্টি করবে।"

GENIUS NY সম্পর্কে আরও জানুন এখানে।

সিএনওয়াই রাইজিং ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "CNY রাইজিং" এর সম্পূরক, যেটি এই অঞ্চলের শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির উন্নয়ন সৃষ্টিতে একটি সামগ্রিক ব্লুপ্রিন্ট। 2012 সাল থেকে স্টেটটি ইতোমধ্যেই 4.7

বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা পরিকল্পনাটির মূল ভিত্তি স্থাপন করে - বিশ্ব বাজারের সুযোগগুলি পুঁজি করে, উদ্যোক্তা শক্তিশালীকরণ করে এবং সমেত অর্থনীতি তৈরি করে। আজ বৃহত্তর মন্দার আগে বেকারত্ব সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর নিচে আছে; এবং ব্যবসাগুলি হ্রাস এবং বিনিয়োগের জন্য একটি গন্তব্য হিসেবে সিরাকিউজ, ওসঅয়েগ এবং ওবার্নের মত জায়গা নির্বাচন করা হয়।

এখন, ডিসেম্বর 2015 সালে গভর্নর কুওমো ঘোষিত আপস্টেট রিভিটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে এই অঞ্চলটি সেন্ট্রাল এনওয়াই রাইজিংকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন